



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 2/11/2022

গভর্নর ক্যাথি হোকল

গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেডের কারণে দেখা দেয়া বন্যার দ্বারা ক্ষতিগ্রস্ত উপযুক্ত বাড়ির মালিকদের জন্য জরুরি তহবিল হিসেবে গভর্নর হোকলের 1 মিলিয়ন ডলার পর্যন্ত বরাদ্দ দেয়ার অঙ্গীকার

স্টিউবেন কাউন্টিতে নিম্ন ও মধ্যম আয়ের বাড়ির মালিকদের জন্য এই সহায়তা প্রদান করা হবে

গভর্নর ক্যাথি হোকল আজ ঘোষণা করেছেন যে স্টিউবেন কাউন্টিতে 2021 সালের গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেডের ফলে দেখা দেয়া বন্যার দ্বারা ক্ষতিগ্রস্ত হওয়া উপযুক্ত বাড়ির মালিকদের জন্য 1 মিলিয়ন ডলার পর্যন্ত জরুরি তহবিল বরাদ্দ করা হবে। বন্যার সময়ে যাদের প্রাথমিক বাসস্থান ক্ষতিগ্রস্ত হয়েছে সেসব বাড়ির মালিকদের জন্য এসব স্টেট তহবিল জরুরি মেরামতের তহবিল প্রদান করবে।

"গত বছরের গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেডের ফলে দেখা দেয়া বন্যার দ্বারা স্টিউবেন কাউন্টির বাসিন্দাদের ক্ষতিগ্রস্ত হওয়া অব্যাহত রয়েছে এবং এই তহবিল উপযুক্ত বাড়ির মালিকদের গুরুত্বপূর্ণ সহায়তা প্রদান করবে," বলেছেন গভর্নর হোকল। "জলবায়ু পরিবর্তনের ফলে ঝড়ের প্রতিনিয়তা ও শক্তি বৃদ্ধির এই সময়ে ভবিষ্যতের জন্য আমাদের স্থায়িত্ব গড়ে তোলার পাশাপাশি একই সময়ে কঠোর পরিশ্রমী পরিবারগুলোকে তাদের বাড়ি মেরামত করতে সাহায্য করার জন্য নিউ ইয়র্ক অঙ্গীকারাবদ্ধ রয়েছে।"

আজ ঘোষণা করা অনুদান তহবিল এই কর্মসূচি সংক্রান্ত নির্দেশনা পূরণকারী বাড়ির মালিকদের মূল বাসস্থানের ক্ষয়ক্ষতি কভার করবে। নিউ ইয়র্ক স্টেট হোমস এন্ড কমিউনিটি রিনিউয়াল (Homes and Community Renewal) এই কর্মসূচির তত্ত্বাবধান করবে এবং আবাসন পুনর্বাসন কর্মসূচি পরিচালনার বিশেষ দক্ষতাসম্পন্ন স্থানীয় পর্যায়ের একটি অলাভজনক সংস্থা, আর্বার হাউজিং এন্ড ডেভেলপমেন্ট (Arbor Housing and Development) কর্মসূচিটি পরিচালনা করবে।

বাড়ির মালিকরা তাদের বাড়িতে নিরাপদ ও বাসযোগ্য অবস্থা ফিরিয়ে আনার জন্য অপরিহার্য জরুরি মেরামতের খরচ মেটাতে তহবিল পাওয়ার জন্য আবেদন করতে পারবেন। উপযুক্ত মেরামত কাজের মধ্যে ইলেক্ট্রিক্যাল ও প্লাম্বিং সিস্টেম মেরামত বা প্রতিস্থাপন, সেপটিক প্রতিস্থাপন, ছাদের কাজ, অ্যাক্সেসযোগ্যতা ও হিটিং সিস্টেম অন্তর্ভুক্ত থাকতে পারে। মাধ্যমিক

মেরামতের মধ্যে নতুন জানালা, ইনসুলেশন, দরজা স্থাপন, এবং বাড়ির জ্বালানি দক্ষতা উন্নত করবে এমন যেকোনো ধরনের কাজ অন্তর্ভুক্ত রয়েছে।

আর্বার হাউজিং এন্ড ডেভেলপমেন্ট দ্বারা অনুমোদিত কাজগুলোর জন্য 35,000 ডলার পর্যন্ত অনুদান প্রদান করা হবে। আবেদনকারীদেরকে অবশ্যই এমন বাড়ির মালিক হতে হবে যাদের প্রাথমিক বাসস্থান স্টিউবেন কাউন্টিতে এবং যাদের আয় এলাকার মধ্যমান আয়ের 90 শতাংশ বা তার নিচে রয়েছে।

HCR-এর কমিশনার রুথ অ্যান ভিসনাউকাস বলেন, "গ্রীষ্মমণ্ডলীয় ঝড় ফ্রেড আঘাত হানার পরবর্তী সময়ে এখনো সংগ্রাম করতে থাকা স্টিউবেন কাউন্টির বাড়ির মালিকদের জন্য, এই 1 মিলিয়ন ডলারের অতি গুরুত্বপূর্ণ সহায়তা তাদের পুনরুদ্ধারের পথে এগিয়ে যেতে সাহায্য করবে। এই জরুরি কর্মসূচি বাস্তবায়নের জন্য আর্বার হাউজিং এন্ড ডেভেলপমেন্টের মতো একটি বিশ্বস্ত অংশীদার এবং গভর্নরকে পেয়ে আমরা গর্বিত যিনি আরো একবার নজিরবিহীন বন্যার দ্বারা বেশি ক্ষতিগ্রস্ত হওয়া পরিবারগুলোর জন্য তার সহমর্মীতা প্রদর্শন করেছেন। জলবায়ু পরিবর্তনের চলমান প্রভাবের সাথে আমাদের অব্যাহতভাবে লড়াই করে যাওয়ার এই সময়ে, একসঙ্গে কাজ করার মধ্য দিয়ে কমিউনিটিগুলোর আগের চেয়ে শক্তিশালী হয়ে পুনর্নির্মাণের জন্য তাদের প্রয়োজনীয় সংস্থানগুলো পাওয়ার বিষয়টি নিউ ইয়র্ক নিশ্চিত করবে।"

আর্বার হাউজিং এন্ড ডেভেলপমেন্টের প্রেসিডেন্ট/CEO সুজান বুল বলেন, "স্টিউবেন কাউন্টিতে বন্যার ক্ষয়ক্ষতি থেকে সেরে উঠতে থাকা বাড়ির মালিকদের সহায়তা করার অব্যাহত প্রচেষ্টায় অংশীদার হতে পেরে আর্বার হাউজিং এন্ড ডেভেলপমেন্ট রোমাঞ্চিত। NYS HCR-এর তরফ থেকে পাওয়া বাড়তি সহায়তার জন্য আমরা কৃতজ্ঞ, যা আমাদেরকে ক্ষতিগ্রস্ত ক্ষুদ্র কমিউনিটিগুলোতে পুনরুদ্ধার প্রচেষ্টা সম্প্রসারণের সুযোগ করে দিয়েছে।"

অনুদানপ্রার্থী উপযুক্ত বাড়ির মালিকরা আর্বার হাউজিং এন্ড ডেভেলপমেন্টের ওয়েবসাইট ভিজিট করতে পারেন: <https://arbordevelopment.org/homeownership-programs/> অথবা 607-654-7478 নম্বরে ফোন করতে পারেন।

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)